# আল-মা'আরিজ | Al-Ma'arij | ٱلْمَعَارِج

আয়াতঃ ৭০ : ২৭

## আরবি মূল আয়াত:

وَ الَّذِیۡنَ هُمۡ مِّنۡ عَذَابِ رَبِّهِمۡ مُّشۡفِقُوۡنَ ﴿ۚ۲۷﴾

## অনুবাদসমূহ:

আর যারা তাদের রবের আযাব সম্পর্কে ভীত-সন্ত্রস্ত। — আল-বায়ান

যারা তাদের প্রতিপালকের শাস্তি সম্পর্কে ভীত কম্পিত, — তাইসিরুল

আর যারা তাদের রবের শাস্তি সম্পর্কে ভীত সন্ত্রস্ত, — মুজিবুর রহমান

And those who are fearful of the punishment of their Lord - — Sahih International

### ২৭. আর যারা তাদের রবের শাস্তি সম্পর্কে ভীত-সন্ত্রস্ত—

-

তাফসীরে জাকারিয়া

### (২৭) আর যারা তাদের প্রতিপালকের শাস্তি সম্পর্কে ভীত-সন্ত্রস্ত।[1]

[1] অর্থাৎ, আনুগত্য এবং সৎকর্ম সম্পাদন করা সত্ত্বেও আল্লাহর মাহাত্ম্য এবং তাঁর প্রতাপের কারণে তারা তাঁর পাকড়াও-এর ভয়ে কম্পিত থাকে এবং বিশ্বাস রাখে যে, আল্লাহর রহমত যদি আমাদের উপর না হয়, তাহলে আমাদের নেক আমলগুলো আমাদের মুক্তির জন্য যথেষ্ট হবে না। যেমন, এই অর্থের হাদীস পূর্বে উল্লিখিত হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5402

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন